

যায়যায়দিন

৩ সেপ্টেম্বর ২০১১

জাবি সঙ্কট কাটাতে
তদন্ত কমিশন

যায়যায়দিন রিপোর্ট

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদত্যাগের দাবিতে শিক্ষকদের একাংশের আহ্বানে ফলে সৃষ্ট পরিস্থিতি থেকে উত্তরণ এবং শিক্ষার স্বাভিক পরিবেশ নিশ্চিত করতে দুই সদস্যের একটি তদন্ত কমিশন গঠন করেছি শিক্ষা মন্ত্রণালয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য এম মহিবুর রহমানকে আহ্বায়ক ও শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (কলেজ) মোহাম্মদ আহসানুল জ্বারকে সদস্য করে সোমবার এ কমিশন গঠন করা হয়। কমিশনকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের জাবি করা আদেশে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের আচার্য রত্নপতি আব্দুল হামিদেব আদেশে এ কমিশন গঠন করা হয়েছে।

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনের পদত্যাগের দাবিতে আন্দোলনরত শিক্ষকদের সঙ্গে গত ২৪ আগস্ট শিক্ষামন্ত্রীর বৈঠকে এ কমিশন গঠনের সিদ্ধান্ত হয়।

উত্তরা, ঢাকা ৫ দিন সাধারণ শিক্ষক ফোরামের সান্নায়ে পদত্যাগের দাবিতে শিক্ষকরা নিজ দপ্তরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনকে অবরুদ্ধ করে রাখেন। পরে শিক্ষামন্ত্রীর মধ্যস্থতায় ১৫ দিনের জন্য শিক্ষকরা আন্দোলন স্থগিত করেন। দেড় বছর আগে আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক শরীফ এনামুল কবির শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনের মুখে পদত্যাগে বাধ্য হন। এরপর অধ্যাপক আনোয়ারকে গত বছরের ১৭ মে আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব দেয়া হয়। পরবর্তীকালে তিনি নির্বাচনের মধ্যদিয়ে আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে স্বগী হন।